দৈনিক বাংলা

তারিখ 22 DEC 1985
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

008

# নোট বই প্রকাশের দেন-দরবার !

আইনত দেশে নোটবই প্রকাশ নিষিদ্ধ। তবে এ আইন মানা হচ্ছে, এমন দাবী কেউ করবে না। অবস্থা এমন দাঁড়িয়েছিল যে বোর্ডে বই কিনতে গেলে নোটবই কিনতে হয়। গ্রামবাংলায় এই অপ্রিয় সত্যটি কেউ অস্বীকার করবে না। বই বিক্রেতাদের অভিযোগ বোর্ডের বইয়ে তেমন লাভ হয় না। বই প্রকাশের দায়িত্ব বোর্ড নেয়ায় অনেক প্রকাশনা সংস্থাই ক্ষতিগ্রস্ত হয়েছে। তাই ভিন্নপথে এই ক্ষতি পুষিয়ে নেবার চেষ্টা। এ বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে বিভিন্ন সময় ব্যবস্থা গ্রহণের প্রচেষ্টা হয়েছে। এখন লক্ষ্য করা গেছে এ ধরনের নোটবই ঢাকা থেকে প্রকাশিত হচ্ছে না। সংশ্লিষ্ট মহলের অনেকেই এতে আত্মপ্রসাদ লাভ করছেন। কিন্তু ঘটনা ভিন্ন রকম। এখনও নোটবই প্রকাশিত হচ্ছে, তবে সীল-ছাপের মফস্বল এলাকার। এবার শুধু ইংরেজী বাংলা নয় প্রায় সকল বিষয়ে নোটবই প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে।

অন্য এক খবরে প্রকাশ, এবার নাকি সরকারী পর্যায়ে নোটবই প্রকাশের দেন-দরবার চলছে। আলোচনা হচ্ছে নিম্নশ্রেণীর পর্যায়ে নোটবই প্রকাশের জন্য। এ নিয়ে এখনও চূড়ান্ত কোন সিদ্ধান্ত হয়নি। তবে এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নিতে হলে সংশ্লিষ্ট কতকগুলি বিষয় বিচার বিবেচনা করা প্রয়োজন বলে আমরা মনে করি।

প্রথমত নোটবই প্রকাশ নিষিদ্ধ করার সিদ্ধান্তের যৌক্তিকতা বিবেচনা। নোটবই প্রকাশ নিষিদ্ধ হওয়ায় এতদিনের প্রতিক্রিয়া মূল্যায়ন। বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষাদানের মান এবং আদৌ নোটবই প্রয়োজন কিনা তার মূল্যায়ন। আমরা মনে করি এধরনের মূল্যায়ন বা পরীক্ষা-নিরীক্ষা ব্যতীত সিদ্ধান্ত পরিবর্তনের প্রশ্ন ওঠে না।

আমরা বিশ্বাস করতে চাই যে ছাত্রছাত্রীদের সুবিধার জন্যই কোন কোন মহল নোটবই প্রকাশের উদ্যোগ নিচ্ছেন। তবুও আমাদের করুণ অভিজ্ঞতা হচ্ছে যে এ উদ্যোগে ব্যবসা এবং মুনাফার প্রশ্নই মুখ্য বলে প্রতিভাত হয়েছে। তাই কর্তৃপক্ষকে আইনানুগ ভাবে প্রকাশিত নিম্নমানের নোটবই প্রকাশ সম্পর্কে সতর্ক থাকার আবেদন জানিয়ে আমরা বলতে চাই যে এ ব্যাপারে যেন হুট করে কোন সিদ্ধান্ত নেয়া না হয়।